# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

**বংশাল শাখা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে**

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহিতা **জিল ওয়্যারস লিমিটেড**, প্রতিনিধিত্বে জনাব জহির উদ্দিন তারিক, চেয়ারম্যান (পিতাঃ মোঃ আবুল বাসার, মাতাঃ কোহিনূর বেগম) এবং জনাব জসিম মোঃ আল-আমিন, ব্যবস্থাপনা পরিচালক (পিতাঃ মোঃ আবুল বাসার, মাতাঃ কোহিনূর বেগম) ঋণের বিপরীতে ব্যক্তিগত জিম্মাদার ও বন্ধকদাতা হিসাবে ব্যাংক বরাবর দায়বদ্ধ রহিয়াছেন। প্রতিনিধিত্বকারীদের স্থায়ী ঠিকানাঃ লোহালিয়া, বাবুগঞ্জ, বরিশাল। প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ঃ প্রোগ্রেসিভ টাওয়ার (৪র্থ তলা), ১৮৩৭ এস.কে. মুজিব রোড, বাদামতলী, আগ্রাবাদ, চট্রগ্রাম; কর্পোরেট অফিসঃ ৩৩৮, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০; কারখানার ঠিকানাঃ নানাকরা, জামুকরা, চৌদ্দগ্রাম, কুমিল্লা। বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা হইতে বিভিন্ন ঋণ সুবিধা ভোগ করিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে জিল ওয়্যার্স লিমিটেড প্রতিনিধিত্বে চেয়ারম্যান, জনাব জহির উদ্দিন তারিক ও ব্যবস্থাপনা পরিচালক, জনাব জসিম মোঃ আল-আমিন বন্ধকদাতা হিসাবে তাহাদের নামীয় নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিস্ট্রি বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংকে আম-মোক্তারও নিয়োগ করিয়াছেন। বারংবার তাগাদা দেওয়া স্বত্বেও ঋণ গ্রহীতাদের নিকট থেকে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই বিধায় উক্ত ঋণ হিসাব সমূহ খেলাপী ঋণে পরিনত হইয়াছে। বিগত ০৭.০৫.২০২৪ ইং তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও আনুষঙ্গিক খরচসহ মোট **১৫৬,৪৬,৪৭,৯১৫.৩৩ (একশত ছাপান্ন কোটি ছিচল্লিশ লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত পনের টাকা তেত্রিশ পয়সা মাত্র)** পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোক্তার দাতাগণের প্রদত্ত ক্ষমতাবলে এবং বিজ্ঞ অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতবেক ব্যাংক উক্ত ঋণ গ্রহীতার নিকট পাওনা আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিলি সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী **১২/০৬/২০২৪ ইং** তারিখ বেলা ০৩.০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের বংশাল শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**শর্তাবলী :**

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মুল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ০৩.১০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে ।

৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি (অগ্রিম মুল্য) ও মুল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল । সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

| আর্নেস্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্বৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে। |
| খ) উদ্বৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ১৫% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে। |
| গ) উদ্বৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মুল্যের ১০% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে। |

৪. দরপত্রে প্রদত্ত মুল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপুর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৫. উপরে বর্ণিত ৩ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন ।

৬. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৭. নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৮. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করেন।

**সম্পত্তির তফসিল**

জেলাঃ কুমিল্লা, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস-চৌদ্দগ্রাম অধীন বাতিসা ইউনিয়নের অন্তর্গত সাবেক ১৩৬, বি.এস. ২৩২ নং মৌজা সাবেক নানকরা, হালে নানকরা কিসমত স্থিত ১৯৬২ইং সালের আর.এস. খতিয়ানঃ ৬৮, ৭৩, ৭৮, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ১৪২, ৪৭৬; আর.এস. দাগঃ ৮৮৫, ৮৮৯, ৮৯১, ৮৯৫, ৮৯৭, ৮৯৮, ৮৯৯, ৯০০, ৯০১, ৯০২, ৯০৩, ৯০৬, ৯১০, ৯১১, ৯১২, ৯১৪ ও ৯১৮; বি.এস. খতিয়ানঃ ৬৯, ১১৬, ১১৮, ১৪৭, ১৮৬, ২১৪, ২৫৩, ২৭০, ৩১১, ৩১৬, ৩১৮, ৩৩৮, ৩৮৭, ৪৮০, ৪৮২, ৪৮৩; বি.এস. দাগঃ ১০৪৮, ১০৫৬, ১০৫৭, ১০৬৪, ১০৬৫, ১০৬৭, ১০৬৮, ১০৬৯, ১০৭০, ১০৭২, ১০৭৩, ১০৭৪, ১০৭৫, ১০৭৬, ১০৭৭, ১০৭৮, ১০৭৯, ১০৮০, ১০৮১, ১০৮২, ১০৮৩, ১০৮৪, ১০৮৫, ১০৮৭, ১০৯০, ১১০৭, ১১১৩, ১১১৪, ১১১৫, ১১১৭; নামজারী ও জমাভাগ খতিয়ান নং ৬৩৬, ৬৩৮, ৬৭২ ও ৬৯২; জোত নং ৬৩৫, ৬৩৭, ৭০২ ও ৭২৪; নামজারী প্রাপ্ত সম্পত্তির পরিমান (৯৮.৫০+২৭৩.২৫২৪+২৪+৬৬) মোট ৪৬১.৭৫ শতাংশ ভূমি এবং তদস্থিত বর্তমান যাবতীয় বহুতল বিশিষ্ট ফ্যাক্টরী বিল্ডিং আর.সি.সি ও সেমিপাকা ফ্যাক্টরী বিল্ডিং ও শেড, ডরমিটরী, গার্বেজ শেড এবং নির্মানাধীন যাবতীয় স্থাপনা, অবকাঠামো, গাছপালাময় বাউন্ডারী ওয়াল-ই তফসিল বর্নিত সম্পত্তি বটে। যাহার চৌহুদ্দিঃ উত্তরে- আব্দুল রশিদ ও নুর মোহাম্মদ, দক্ষিণে- নিজস্ব জমি ও আলমাস, পূর্বে- রাস্তা তৎপর ঢাকা-চট্রগ্রাম হাইওয়ে এবং পশ্চিমে- প্রাইম ফুট ওয়্যার-এর জমি।

**সহকারী মহাব্যবস্থাপক**
বংশাল শাখা, ঢাকা।

**প্রথম আলো- ১৬-০৫-২০২৪**

**আমাদের কুমিল্লা- ১৬-০৫-২০২৪**